# এইসএস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল: দ্বিতীয় পত্র

বিষয় কোড : ১২৬

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** মিঃ হাসান বুড়িগঙ্গা নদীতে মাছ ধরতে গিয়ে দেখল নদীতে কোন মাছ নেই। এর কারণ হিসেবে সে দেখল নদীর দুই পাশের নগর ও কারখানার বর্জ্য এসে নদীতে পড়েছে।

ক. মানবকর্তৃক সৃষ্ট দূষণ কত প্রকার ও কী কী? ১
খ. দূষণ বলতে কী বুঝ? সংক্ষেপে বুঝিয়ে বল। ২
গ. উদ্দীপকে উল্লেখিত বর্জ্য পরিবেশের উপর যে প্রভাব ফেলে তা বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত দূষণ রোধের উপায়সমূহ বিশ্লেষণ কর। ৪

**২.▶** আমাদের পৃথিবী কতগুলি মহাদেশ নিয়ে গঠিত। অবস্থান, আয়তন এবং নানাবিধ ভূ-তাত্ত্বিক বৈশিষ্ট্যের দিক থেকে একটি আরেকটি থেকে আলাদা। প্রতিটি মহাদেশের রয়েছে নিজস্ব জলবায়ু, শিল্প ও জনসংখ্যার স্বকীয় বৈশিষ্ট্য।

ক. পৃথিবীতে মহাদেশের সংখ্যা কয়টি? ১
খ. বাংলাদেশের ভৌগোলিক অবস্থান লিখ। ২
গ. উদ্দীপকের ইঙ্গিতকৃত এমন একটি মহাদেশের সংক্ষিপ্ত বিবরণ দাও যা সব সময় বরফে ঢাকা থাকে। ৩
ঘ. উদ্দীপকের আলোকে শিল্পে উন্নত এমন একটি মহাদেশের শিল্পের গুরুত্ব আলোচনা কর। ৪

**৩.▶** হাসান কাজের সন্ধানে গ্রাম থেকে শহরে এসে একটি তৈরী পোশাক কারখানায় যোগদান করে এবং ধীরে ধীরে আত্মনির্ভরশীল হয়ে উঠে। অন্যদিকে হাসানের ভাই আহসান গ্রামে বিভিন্ন ধরনের কৃষিজাত পণ্য উৎপাদন করে এবং অবসর সময়ে বিভিন্ন ধরনের হস্তশিল্পজাত দ্রব্য তৈরী করে সেও আস্তে আস্তে স্বাবলম্বী হয়ে উঠে।

ক. বাণিজ্য কী? ১
খ. বাণিজ্য কত প্রকার ও কী কী? ২
গ. বৈদেশিক মুদ্রা অর্জনে হাসানের তৈরী পণ্যটির ভূমিকা আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে হাসান এবং আহসানের তৈরী পণ্যগুলোর উৎপাদন বৃদ্ধির গুরুত্ব আলোচনা কর। ৪

Teachingbd.com

৪.▶ শহীদ তার শিক্ষকদের ক্লাশ থেকে শুনেছে ইমারত নির্মাণ, ব্রিজ, রাস্তাঘাট তৈরীতে একটি খনিজ ব্যবহৃত হয়। আধুনিক সভ্যতার ভিত্তিই হলো উক্ত খনিজ, যাকে কেন্দ্র করে গড়ে উঠেছে বহু শিল্প। যার ব্যবহার ছাড়া যান্ত্রিক সভ্যতা গঠন সম্ভব নয়।

ক. কার্পাস বয়ন শিল্পে পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম দেশের নাম কি? ১

খ. কার্পাস বয়ন শিল্পে চীনের উন্নতির পেছনের কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইঙ্গীতকৃত শিল্পের বিশ্বব্যাপী বণ্টন ও উৎপাদন দেখাও। ৩

ঘ. বিশ্বে উক্ত শিল্পের গুরুত্ব আলোচনা কর। ৪

৫.▶ পৃথিবীর অনেক দেশেই ধান জন্মে। ধান একটি কৃষিজ পণ্য। এটি পৃথিবীর প্রায় অর্ধেক লোকের প্রধান খাদ্য। তবে পৃথিবীর সব মহাদেশেই কম বেশী ধান জন্মে। কিন্তু এশিয়া মহাদেশই ধান উৎপাদনে প্রথম। এই অঞ্চলের কয়েকটি নদী এবং পর্বত এই মহাদেশের ধান উৎপাদনে বিশেষ অবদান রেখেছে।

ক. এশিয়ার প্রধান চারটি ধান উৎপাদনকারী দেশের নাম লিখ। ১

খ. ধান উৎপাদনের প্রাকৃতিক উপাদানগুলো উল্লেখ কর। ২

গ. এশিয়ার ধান উৎপাদনে এই অঞ্চলের নদীগুলোর অবদান বিশ্লেষণ কর। ৩

ঘ. ভারতবর্ষীয়রা ধান উৎপাদনে অনেকাংশে হিমালয় পর্বতের উপর নির্ভরশীল- উক্তিটি আলোচনা কর। ৪

৬.▶ দেশের অর্থনৈতিক উন্নতিতে যোগাযোগ ব্যবস্থার গুরুত্ব অপরিসীম। বিশ্বের বিভিন্ন দেশের সাথে বাংলাদেশের বিভিন্ন ধরনের যোগাযোগ ব্যবস্থা বিদ্যমান। এ কারণে বাংলাদেশের সর্বক্ষেত্রে দ্রুত উন্নতির পথে অগ্রসর হচ্ছে।

ক. বর্ষা মৌসুমে বাংলাদেশের নদীপথের দৈর্ঘ্য কত কি. মি. হয়? ১

খ. বাংলাদেশকে নদীমাতৃক দেশ বলা হয় কেন আলোচনা কর। ২

গ. চট্টগ্রাম বন্দরের গুরুত্ব আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে আলোচনা কর– "উন্নত যোগাযোগ ব্যবস্থা একটি দেশের সার্বিক উন্নতির ভিত্তি।" ৪

http://teachingbd.com

# ভূগোল: দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট | পূর্ণমান — ৩৫ | বিষয় কোড : ১ ২ ৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **নিচের কোনটি মানব ভূগোলের শাখা?**
ⓚ মৃত্তিকা ও নগর ভূগোল
ⓚh জনসংখ্যা ও রাজনৈতিক ভূগোল
ⓖ প্রাকৃতিক ও সাংস্কৃতিক ভূগোল
ⓖh সামাজিক ও গাণিতিক ভূগোল

২. **রনি পড়াশুনার জন্য ঢাকা শহরে এল-বিষয়টি কোন ভূগোলের পাঠক্রম?**
ক মানব ভূগোল — খ প্রাকৃতিক ভূগোল
গ মৃত্তিকা ভূগোল — ঘ ব্যবহারিক ভূগোল

৩. **জনমিতিক উত্তরণ তত্ত্বের পুরাতন সমতার স্তর কয়টি?**
ক ২ — খ ৩
গ ৫ — ঘ ৪

৪. **জনসংখ্যা পিরামিড নিম্নের কোন বিষয় আলোচনা করে?**
ক নারী ও পুরুষ — খ বয়স ও লিঙ্গ
গ বয়স ও অঞ্চল — ঘ শিশু ও বৃদ্ধ

৫. **নদীকে কেন্দ্র করে যে বসতি গড়ে ওঠে তাকে কি ধরণের বসতি বলে?**
ক সারিবদ্ধ — খ সংঘবদ্ধ
গ অনুকেন্দ্রিক — ঘ পুঞ্জিভূত

**উদ্দীপকের আলোকে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**




৬. **B চিহ্নিত স্থানে কোন ধরণের খনিজ সম্পদ পাওয়া যায়?**
ক গন্ধক — খ কয়লা — গ লবণ — ঘ তামা

৭. **A চিহ্নিত স্থানে যে খনিজ সম্পদ পাওয়া যায় তাতে নিম্নের কোন উপাদান থাকে?**
ক কার্বন — খ মিথেন
গ ইথেন — ঘ আয়রণ

৮. **বাংলাদেশে কৃষিকে মৌসুমী বায়ুর জুয়াখেলা বলা হয় কারণ?**
ক বৃষ্টিপাতের উপর নির্ভরশীলতা
খ তাপমাত্রার উপর নির্ভরতা
গ আর্দ্রতার উপর নির্ভরতা
ঘ মৌসুমী বায়ুর উপর নির্ভরতা

৯. **বাংলাদেশে প্রশাসনিক বিভাগ কয়টি?**
ক ০৭ টি — খ ৬৪ টি
গ ১১ টি — ঘ ০৫ টি

১০. **অধিক ধান উৎপাদনকারী দেশ কোনটি?**
ক চীন — খ ফ্রান্স — গ মিশর — ঘ ভারত

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নগুলোর উত্তর দাও:**

ফেসবুকের মাধ্যমে বাংলাদেশের রিমা ব্রিটিশ নাগরিক বাংলাদেশী বংশোদ্ভুত মি. শাফিনের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে যুক্তরাজ্যে পাড়ি জমায়।

১১. **রিমার ক্ষেত্রে নিম্নের কোন ধরনের অভিগমণ হয়েছে?**
ক আদিম অভিগমণ
খ অভ্যন্তরীণ অভিগমন
গ আন্তর্জাতিক অভিগন
ঘ গণ অভিগমণ

১২. **মি. শাফিন যে দেশের নাগরিক সেখানে কি ধরনের জনসংখ্যা পিরামিড দেখা যায়?**
ক পরিবর্ধনশীল পিরামিড
খ সুষম আকৃতির পিরামিড
গ গঠন মূলক পিরামিড
ঘ বেগ আকৃতির পিরামিড

১৩. **বাংলাদেশের অবস্থান কোথায়?**
ক উত্তর-পূর্ব এশিয়া — খ দক্ষিণ-পূর্ব এশিয়া
গ মধ্য এশিয়া — ঘ দক্ষিণ এশিয়ার

১৪. **জনসংখ্যা উত্তরণ মডেল অনুসারে ২য় স্তরে কি ঘটনা ঘটে?**
ক জন্ম ও মৃত্যুহার উভয়ই অধিক হয়
খ জন্মহারের তুলনায় মৃত্যুহার হ্রাস পায়
গ জন্ম ও মৃত্যুহার উভয়ই হ্রাস পায়।
ঘ মৃত্যুহারের তুলনায় জন্মহার হ্রাস পায়

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নগুলোর উত্তর দাও:**

নাজমা বাংলাদেশের রপ্তানী বাণিজ্যের শীর্ষ স্থানীয় একটি কারখানায় চাকুরি করেন। ফলে তার পরিবারের কিছুটা উন্নতি হয়েছে।

১৫. **নাজমা কি ধরনের শিল্প কারখানায় চাকুরী করে?**
ক ঔষধ শিল্প — খ জাহাজ নির্মান শিল্প
গ কাগজ শিরূপ — ঘ পোষাক শিল্প

Teachingbd.com

১৬. বাংলাদেশের ক্ষেত্রে উদ্দীপকে উল্লেখিত শিল্পের সর্ববৃহৎ ক্রেতা কোন দেশটি?
i. যুক্তরাষ্ট্র
ii. জাপান
iii. ইউরোপিয় ইউনিয়ন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৭. বাংলাদেশে প্রথম বিমান চালু হয় কত সালে?
ⓚ ১৯৯৫ ⓚ ১৯৯৫
ⓖ ১৯৫১ ⓖ ১৯৭২

১৮. বাংলাদেশে কোন পরিবহনে খরচ কম হয়?
ⓚ সড়ক পথ ⓚ রেলপথ
ⓖ নৌ পথ ⓖ বিমান পথ

১৯. মৃত্তিকা দূষণের ফলে কী ঘটে?
ⓚ লবনাক্ততা বৃদ্ধি ⓚ উৎপাদন ক্ষমতা হ্রাস
ⓖ মরুময় প্রক্রিয়া ⓖ উর্বরতা হ্রাস

২০. দূষণের ফলে বাতাসে বৃদ্ধি পাচ্ছে নিচের কোনটি সঠিক?
i. অক্সিজেন
ii. কার্বন-ডাই-অক্সাইড
iii. সিএফসি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১. বাংলাদেশের কোথায় সার কারখানা রয়েছে?
ⓚ রাজশাহীর হরিয়ান ⓚ চট্টগ্রামের ডায়মন্ড
ⓖ সিলেটের ছাতক ⓖ নরসিংদীর পলাশ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নগুলোর উত্তর দাওঃ
শিক্ষাসফরে একদল ছাত্র-ছাত্রীরা সিলেটের বিভিন্ন এলাকা ঘুরে দেখল।

২২. ছাত্রী-ছাত্রীদের দেখা অঞ্চলের কোন স্থানে খনিজ তেল পাওয়া যায়?
ⓚ সিলেট ও মৌলভীবাজার
ⓚ সিলেট ও হবিগঞ্জ
ⓖ সিলেট ও সুনামগঞ্জ
ⓖ হবিগঞ্জ ও মৌলভীবাজার

২৩. উদ্দীপকে উল্লিখিত বিভাগের কোথায় অধাতব খনিজের অবস্থান?
ⓚ হরিপুর ⓚ ছাত্রক
ⓖ রশীদপুর ⓖ জাফলং

২৪. লৌহ ও ইস্পাত উৎপাদনে এশিয়ার কোন দেশ বর্তমানে শীর্ষস্থানীয়?
ⓚ জাপান ⓚ ভারত
ⓖ চীন ⓖ কোরিয়া

২৫. গ্রামীন বসতি কিসের উপর নির্ভরশী?
ⓚ কৃষি ⓚ শিল্প
ⓖ চাকুরী ⓖ বাণিজ্য

২৬. বাংলাদেশে মিলিয়ন সিটি বলা হয় কোন শহরকে?
ⓚ ঢাকা ও সিলেট ⓚ ঢাকা ও চট্টগ্রাম
ⓖ ঢাকা ও খুলনা ⓖ ঢাকা ও রাজশাহী

২৭. মরণশীলতা পরিমাপের বহুল প্রচলিত ও গ্রহণযোগ্য পদ্ধতি কোনটি?
ⓚ মৃত্যুহার ⓚ জন্মহার
ⓖ স্থুল মৃত্যুহার ⓖ স্থুল জন্মহার

২৮. বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের বৈশিষ্ট্য কি?
ⓚ কাঁচা মাল রপ্তানী ⓚ কৃষিপণ্য রপ্তানি
ⓖ শিল্পজাতপণ্য রপ্তানী ⓖ কৃষি পণ্য আমদানী

২৯. মানচিত্রের অভিক্ষেত্রের প্রয়োজনীয়তা কি?
ⓚ বৃষ্টিপাতের স্তম্ভলেখ অংকনের জন্য
ⓚ ভূগোলক অংকনের জন্য
ⓖ মানচিত্র অংকনের জন্য
ⓖ কোন কেন্দ্রের উত্তম বিন্যাস দেখানোর জন্য

৩০. G I S ব্যবস্থার ব্যাপকভাবে শুরু হয় কোন সালে?
ⓚ ১৮৮০ সালে ⓚ ১৯৯০ সালে
ⓖ ২০০০ সালে ⓖ ১৯৮০ সালে

৩১. বাংলাদেশের অধিকাংশ চিনিকলগুলো কোথায় অবস্থিত?
ⓚ উত্তর-পূর্ব অঞ্চলে ⓚ উত্তর-পশ্চিম অঞ্চলে
ⓖ দক্ষিণ-পূর্বে অঞ্চলে ⓖ দক্ষিণ-পশ্চিম অঞ্চলে

৩২. পৃথিবীর রুটির ঝুরি হিসাবে খ্যাত নিম্নে কোন দেশ?
ⓚ প্রেইরি ⓚ পাম্পাস
ⓖ সাভানা ⓖ তুন্দ্রা

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নগুলোর উত্তর দাওঃ
রুমি বুড়িগঙ্গা নদীতে মাছ ধরতে গিয়ে দেখল নদীতে কোনো মাছ নেই। এর কারণ হিসাবে সে দেখল নদীর দুই পাশের নগর ও কারখানার বর্জ্য নদীতে এসে পড়ছে।

৩৩. রুমির দেখা সমস্যাটি নিম্নের কোনটি দূষিত করে?
ⓚ পানি ⓚ বায়ু
ⓖ মাটি ⓖ শব্দ

৩৪. উদ্দীপকে উল্লিখিত সমস্যা নিচের কোনটি নির্দেশ করে?
ⓚ ধীর প্রকৃতির দূষণ ⓚ মানব সৃষ্ট দূষণ
ⓖ প্রাকৃতিক দূষণ ⓖ পরিবেশ দূষণ

৩৫. অতি নিবিড় জনসংখ্যা অঞ্চলে প্রতি বর্গ কিলোমিটারের জনসংখ্যা কত?
ⓚ ৭৯০ থেকে ১৫০০ জন হবে
ⓚ ১৫০০ জনের অধিক হবে
ⓖ ৪০০ থেকে ৭০০ জন হবে
ⓖ ২৫০ জনের কম হবে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | গ |
| | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | ক | ৩৪ | খ | ৩৫ | খ | | | | | | | | | | |

Teachingbd.com